২০

দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 26 1999
পৃষ্ঠা ২১ কলাম ৫

# কৃতী ছাত্র-ছাত্রীদের জন্য সিগমার পুরস্কার ঘোষণা

চট্টগ্রাম অফিস ॥ চলতি সালে দেশের ৫টি শিক্ষাবোর্ড হইতে এসএসসিতে মেধা তালিকায় স্থান দখলকারী যেসব ছাত্র-ছাত্রী সিগমা কলেজ ভর্তি কোচিং এ নিয়মিত ছাত্র হিসাবে ক্লাস করিবে তাহাদেরকে সর্বোচ্চ ৫ হাজার ও সর্বনিম্ন ১ হাজার টাকার শিক্ষা সামগ্রী পুরস্কার হিসাবে দেওয়া হইবে বলিয়া ঘোষণা করা হইয়াছে। সিগমা কোচিং সেন্টারের উপদেষ্টা মণ্ডলী ও প্রশিক্ষক মণ্ডলীর এক যৌথ সভায় এ সিদ্ধান্ত ঘোষণা করা হয়। দেওয়ান হাটস্থ সেন্টারের প্রধান কার্যালয়ে গত রবিবার সিগমার প্রতিষ্ঠাতা পরিচালক আলাউদ্দিন আল আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় নোয়াখালী জেলা কল্যাণ সমিতির সভাপতি আবদুর রব ভূঁইয়া, শিশু সংগঠক এস, এম, ফরিদ উদ্দিন, প্রফেসর এম, এ, কবির, প্রফেসর মোজাম্মেল হক, প্রফেসর মৌলুদুর রহমান, ডাঃ মোখলেসুর রহমান, ডাঃ দিদারুল আলম, ইঞ্জিনিয়ার কামরুজ্জামান বিজন, ইঞ্জিনিয়ার আবদুল্লাহ আল মামুন, ডাঃ হাসিনা আখতার প্রমুখ বক্তৃতা করেন।